

দীপক রায়

ওই ঘরে বুড়ি একা একা থাকে

ওই ঘরে বুড়ি একা একা থাকে
সারাদিন বুড়ি কথা বলে যায়
কার সাথে কথা কীসের যে কথা
কেউ জানে না তো। সে-ই শুধু জানে।

ভোরবেলা ওঠে। ঝাঁট দেওয়া গুরু
এঘর ওঘর সারাটা উঠোন।
উনুনে আগুন ধোঁয়া ওঠে তার
কার্নিশ ঘেঁষে ঐকৈবর্বেকে যায়

আকাশের দিকে শূন্য মিলায়
স্নান সেরে নেয় খুব সকাঙ্গেই
রামা চাপায় আর গান গায়
খুব ধীরে ধীরে আর মৃদু স্বরে।

সারাদিন বুড়ি আর কী কী করে
উঠোনের ধারে পাতকুয়া তার
কপিকল দিয়ে জল তোলে আর
বাসনকোসন ধুয়ে মেজে নেয়।

দুধওলা এসে দুধ দিয়ে যায়
ফেরিওলা দেয় হরেক রকম
সব্বাই জানে বুড়ি একা থাকে
ভয়ডর তার, না না, কিছু নেই।

অল্পই খায় কীভাবে কাটায়
এই নিয়ে কিছু গল্প টল্প
এদিক ওদিক পাড়ায় পাড়ায়
বুড়ির কাছেও কিছু চলে যায়।

বুড়ি শুধু হাসে আর গান গায়
বেলা বেড়ে যায় আলো কমে আসে
উঠোনের রোদ দূরে সরে যায়
ঘুম নেই চোখে জেগে বসে থাকে।

বাইরে শব্দ— বুড়ি হেঁকে বলে—
'কে যে এলি বাবা, এদিকেতে আয়'
কেউ কাছে এসে দূরে চলে যায়
বেলা পড়ে যায় বেলা পড়ে যায়...

বাইরে শব্দ— বুড়ি ভাবে কেউ
এল বুঝি আজ যাদের যাদের
হারিয়েছে সব, এক এক করে
'কে যে এলি বাবা...'— বুড়ি চেয়ে থাকে

আলো কমে আসে বেলা পড়ে যায়
ঘুম নেই তার— বুড়ি চেয়ে থাকে
কাউকে কাউকে ইশারায় ডাকে
কিচ কিচ করে পাখি ডেকে যায়

কিচ কিচ করে পাখি ডেকে যায়

রামচন্দ্র প্রামাণিক

বর্ষা

মনে হলো ডাক দিল কেউ, দিইনি তবু সাড়া,
যখন ঘেমা করলে তখন ফেরাইনিতো তাও।
তাহলে কে রইল ঋণী? কেই বা উত্তমর্গ?
চাষীর সাধের বর্ষা, ডোবে হাঘরেদের পাড়া।

বর্ষা? হঠাৎ পড়ল মনে— সেটিতো ডাক নাম।
ডাকত তোমায় আপনজনে। কিন্তু আপন নয়
যে জন তার কি মানায় বলে সে নাম মুখে আনা?
রাগ কোরো না। পোশাকি নাম তাইতো বলতাম।

হাত নেড়ে বিদায় দিয়ে কি ফেললে দীর্ঘশ্বাস?
হামেশা চাও বাইরে— চোখের জল লুকোনোর ছল?
শাস্ত মুখের হাসির নীচে অশান্ত উত্তাপ
টের পাইনি। খোলসটাকেই করেছি বিশ্বাস।

বর্ষা মানে বিদ্যুৎলতা, লতা মানেই সাপ।
আকাট অবুঝ চাষির মতো কেবলই চাইতাম
আকাশ ভেঙে বৃষ্টি নামুক, জীবন ঘিরে বান।
বললে বটে 'সর্বই হবে'। সেটাই অভিশাপ?

রূপজিৎ দাশ

প্রবাদ

একটি কিশোর আপনা থেকে পুরুষ হয়ে যায়।

কিন্তু একটি কিশোরীকে
চুমু খেলে তবেই সে নারী হয়ে ওঠে।

এই তো প্রবাদ।

তুমি আজ ব্যগ্র পাখি, আকাশে পূর্ণিমা,
হঠাৎ নির্জনে কার চঞ্চুর ঠোকরে পেলে
তীব্রতম ফলের আশ্বাদ—

অমনি কিশোরী থেকে নারী হলে!
নারীজীবনের
প্রথম কটাক্ষ হেনে
বলবে না, 'প্রিয়, ধন্যবাদ!'